DCS Newsletter

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ১০ | অক্টোবর ২০২৫




**বাংলাদেশ জামায়াতে ইসলামী**
**ঢাকা মহানগরী দক্ষিণ**

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277



# গণঅধিকার পরিষদের কর্মসূচিতে জামায়াতে ইসলামীর যোগদান

ফ্যাসিবাদ বিরোধী আন্দোলন-সংগ্রামের অন্যতম সংগঠন গণঅধিকার পরিষদের সভাপতি, ডাকসু'র সাবেক ভিপি নুরুল হক নুরের উপর হামলা, জুলাই সনদের আইনি ভিত্তি ও বাস্তবায়ন প্রক্রিয়া নিয়ে জটিলতা, ফ্যাসিবাদের দোসরদের বিচারের দাবিতে গণঅধিকার পরিষদ কর্তৃক আয়োজিত সমাবেশে বাংলাদেশ জামায়াতে ইসলামী সংহতি জানিয়ে যোগদান করেছে। বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় সহকারী সেক্রেটারি জেনারেল এডভোকেট এহসানুল মাহবুব জুবায়েরের নেতৃত্বে ০৫ সেপ্টেম্বর বিকেলে জাতীয় প্রেস ক্লাবের সামনে থেকে এক বিশাল মিছিল নিয়ে শাহবাগে গণঅধিকার পরিষদের কর্মসূচিতে যোগদান করেন জামায়াত নেতৃবৃন্দ।





# রাজধানীর কদমতলীতে আত্মকর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে কর্মহীনদের মাঝে ভ্যান ও রিক্সা বিতরণ করেছে জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণ

**৬ সেপ্টেম্বর ২০২৫**










# ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে মাইয়্যেতের গোসল ও দাফন-কাফন প্রশিক্ষণ অনুষ্ঠিত

**৬ সেপ্টেম্বর ২০২৫**



বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের সমাজ কল্যাণ বিভাগের উদ্যোগে ঢাকা-৯ সংসদীয় আসনের স্বেচ্ছাসেবকদের মাইয়্যেতের গোসল ও দাফন-কাফন প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। ০৪ সেপ্টেম্বর রাতে মহানগরীর হলরুমে প্রশিক্ষণ কার্যক্রমের উদ্বোধন করেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর শিক্ষাবিদ আব্দুস সবুর ফকির।




# শ্যামপুর পশ্চিম থানার ৪৭ নং ওয়ার্ডের উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্প অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের শ্যামপুর পশ্চিম থানার ৪৭ নং ওয়ার্ডের উদ্যোগে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত ঢাকা-৪ আসনের সম্মানিত সংসদ সদস্য পদপ্রার্থী জননেতা জনাব সৈয়দ জয়নুল আবেদীনের পক্ষ থেকে এক ফ্রি মেডিকেল ক্যাম্পের আয়োজন করা হয়।

## ৭ সেপ্টেম্বর ২০২৫

# শ্যামপুর ৫৪ নং ওয়ার্ডে রাস্তায় জলাবদ্ধতা নিরসনে জামায়াতের প্রতিনিধি টিমের সহযোগিতা



৫৪ নং ওয়ার্ডের পাইব রাস্তায় জলাবদ্ধতা নিরসন ও ড্রেন পরিষ্কার কার্যক্রমে ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশনের পরিষ্কার-পরিচ্ছন্নতা টিমের সাথে সহযোগিতা করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী মনোনীত ঢাকা-৪ আসনের এমপি প্রার্থী জননেতা জনাব সৈয়দ জয়নুল আবেদীনের প্রতিনিধি টিম। ০৭ সেপ্টেম্বর তারা উপস্থিত থেকে এ কার্যক্রমে সার্বিক সহযোগিতা প্রদান করেন।





৭ সেপ্টেম্বর ২০২৫




# ঢাকা মহানগর দক্ষিণের উদ্যোগে চিকিৎসক সমাবেশ ২০২৫ অনুষ্ঠিত

০৭ সেপ্টেম্বর  ন্যাশনাল ডক্টরস ফোরাম (এনডিএফ) ঢাকা মহানগর দক্ষিণের উদ্যোগে অন্তর্গত স্যার সলিমুল্লাহ মেডিকেল কলেজ ও হাসপাতালের সম্মানিত চিকিৎসকদের নিয়ে এনডিএফ ঢাকা মহানগরী দক্ষিণের নিজস্ব কার্যালয়ে চিকিৎসক সমাবেশ ২০২৫ অনুষ্ঠিত হয়।

উক্ত প্রোগ্রামে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগর দক্ষিণের সম্মানিত সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী মেডিকেল বিভাগ ঢাকা মহানগর দক্ষিণের সম্মানিত সভাপতি ডা. এমজি ফারুক হোসেন ও মেডিকেল বিভাগ ঢাকা মহানগর দক্ষিণের সম্মানিত সেক্রেটারি ডাঃ মোহাম্মদ মারুফ শাহরিয়ার।





১০ সেপ্টেম্বর ২০২৫

# ঢাকা ৬ আসনের কেন্দ্রভিত্তিক মহিলা প্রতিনিধি কর্মশালা অনুষ্ঠিত

১০ সেপ্টেম্বর ২০২৫ ঢাকা-৬ সংসদীয় আসনের কেন্দ্রভিত্তিক মহিলা প্রতিনিধি কর্মশালা অনুষ্ঠিত হয়। ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য কামরুল আহসান হাসানের সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর মোঃ আব্দুস সবুর ফকির।



বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের মহিলা বিভাগের সেক্রেটারি আয়েশা সিদ্দিকা পারভীন, ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি এবং ঢাকা-৬ সংসদীয় আসনের জামায়াত মনোনীত এমপি প্রার্থী ড. মুহাম্মাদ আব্দুল মান্নান

# সুষ্ঠু নির্বাচনের প্রত্যাশা ও চ্যালেঞ্জ নিয়ে নাগরিক কোয়ালিশনের গোলটেবিল আলোচনা

১১ সেপ্টেম্বর ২০২৫




নাগরিক কোয়ালিশনের আয়োজনে ১১ সেপ্টেম্বর, বৃহস্পতিবার সকালে রাজধানীর সিরডাপ মিলনায়তনে “সুষ্ঠু নির্বাচনের জন্য প্রত্যাশা ও চ্যালেঞ্জ সফল নির্বাচন আয়োজনে সরকার, রাজনৈতিক দল ও নাগরিক সমাজের করণীয়” শীর্ষক গোলটেবিল আলোচনা অনুষ্ঠিত হয়েছে।

গোলটেবিল আলোচনায় বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।





# কামরাঙ্গীর চরে ঢাকা-৭ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থীর সমর্থনে গণমিছিল ও সমাবেশ অনুষ্ঠিত

**১৯ সেপ্টেম্বর ২০২৫**










১৯ সেপ্টেম্বর বাংলাদেশ জামায়াতে ইসলামী কামরাঙ্গীরচর উত্তর থানা আয়োজিত ঢাকা-৭ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী হাজী হাফেজ এনায়েত উল্লাহর সফর উপলক্ষে গণমিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর মো. নূরুল ইসলাম বুলবুল।

# ওয়ারী-গেন্ডারিয়া এলাকায় গণসংযোগ পক্ষের দাওয়াতী অভিযান পরিচালিত



বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্র ঘোষিত গণসংযোগ পক্ষের দাওয়াতী অভিযান ২০ সেপ্টেম্বর রাতে রাজধানীর ওয়ারী-গেন্ডারিয়া এলাকার ধূপখোলা মাঠ সংলগ্ন শহীদ জুনায়েদ চত্বরে পরিচালিত হয়েছে। গণসংযোগ পক্ষের দাওয়াতী অভিযান পূর্বক পথসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা মো. নূরুল ইসলাম বুলবুল।

এসময় উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় মজলিসে শুরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি, ঢাকা-৬ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী ড. আব্দুল মান্নান, মহানগরীর কর্মপরিষদ সদস্য ও অফিস সেক্রেটারি কামরুল আহসান হাসানসহ মহানগরীর বিভিন্ন স্তরের দায়িত্বশীল নেতৃবৃন্দ।



২৪ সেপ্টেম্বর ২০২৫

# ঢাকা-৭ আসনের বিশিষ্ট ওলামায়ে কেরামের সঙ্গে জামায়াতে ইসলামীর মতবিনিময় সভা অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ২৪ সেপ্টেম্বর রাতে ঢাকা-৭ আসনের বিশিষ্ট ওলামায়ে কেরামের সঙ্গে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মহানগরীর কর্মপরিষদ সদস্য ও ওলামা বিভাগের সভাপতি অধ্যক্ষ মাওলানা মোশাররফ হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা আব্দুল হালিম।

রাজধানীর বকশিবাজারস্থ কারা কনভেনশন সেন্টারে অনুষ্ঠিত মতবিনিময় সভায় বিশেষ অতিথি ছিলেন বাংলাদেশ মসজিদ মিশনের সেক্রেটারি জেনারেল ও তা'মীরুল মিল্লাত কামিল মাদ্রাসার ভারপ্রাপ্ত অধ্যক্ষ ড. মাওলানা খলিলুর রহমান মাদানী, ঢাকা-৭ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী হাজী হাফেজ মো. এনায়েত উল্লাহ, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি মুহাম্মদ দেলাওয়ার হোসেন।











# মন্দির ও পূজা কমিটির সাথে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের মতবিনিময় সভা অনুষ্ঠিত



বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ঢাকা-৬ আসনের উদ্যোগে আজ বিকেলে রাজধানীর দয়াগঞ্জের একটি মিলনায়তনে মন্দির ও পূজা কমিটির সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা নূরুল ইসলাম বুলবুল।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিশে শুরা সদস্য, ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ও জামায়াত মনোনীত ঢাকা-৬ আসনের সংসদ সদস্য প্রার্থী ড. মোহাম্মদ আব্দুল মান্নান, বাংলাদেশ হিন্দু মহাজোটের মহাসচিব এ্যাডভোকেট গোবিন্দচন্দ্র প্রামাণিক।

ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও ঢাকা-৬ সংসদীয় আসনের পরিচালক মোঃ কামরুল আহসান হাসানের সভাপতিত্বে আরও উপস্থিত ছিলেন ঢাকা-৬ আসনের সদস্য সচিব রুহুল আমিনসহ বিভিন্ন মন্দির ও পূজা কমিটির সদস্যবৃন্দ।

# ২৫ সেপ্টেম্বর ২০২৫




## ঢাকা-৮ আসনের উদ্যোগে জামায়াতের বিক্ষোভ সমাবেশ ও মিছিল

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ঢাকা-৮ আসনের উদ্যোগে জুলাই সনদের আইনি ভিত্তি ও পিআর পদ্ধতিতে জাতীয় সংসদ নির্বাচন, নিষিদ্ধ ঘোষিত গণহত্যাকারী আওয়ামী লীগের ঝটিকা মিছিল, গুপ্ত হামলা, অস্থিতিশীলতা সৃষ্টি এবং দেশবিরোধী নানা ষড়যন্ত্রের প্রতিবাদে ২৫ সেপ্টেম্বর বিকেলে রাজধানীর বায়তুল মোকাররম জাতীয় মসজিদের উত্তর গেট থেকে বিক্ষোভ মিছিল ও সমাবেশ অনুষ্ঠিত হয়েছে।





২৫ সেপ্টেম্বর ২০২৫

# ঢাকা-৮ আসনে মতিঝিল পূর্ব থানার উদ্যোগে ফ্রি মেডিকেল ক্যাম্পের উদ্বোধনী অনুষ্ঠান

বাংলাদেশ জামায়াতে ইসলামীর কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর, ঢাকা-৮ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন বলেছেন, অতীতে যারা সরকারে ছিল তাদের দুর্নীতি ও স্বজনপ্রীতির কারণে স্বাস্থ্যখাত ধ্বংসের দ্বারপ্রান্তে। জামায়াতে ইসলামী রাষ্ট্র পরিচালনার সুযোগ পেলে প্রতিটি ওয়ার্ডে একটি করে হেলথ কমপ্লেক্স চালু করা হবে উল্লেখ করে তিনি বলেন, জনগণের স্বাস্থ্যসেবা নিশ্চিত করতে স্বাস্থ্যখাতকে ঢেলে সাজানো হবে।





**২৫ সেপ্টেম্বর ২০২৫**




# জুলাই সনদের আইনি ভিত্তি ও পিআর পদ্ধতিতে নির্বাচনসহ ৫ দফা দাবিতে চাঁপাইনবাবগঞ্জে জামায়াতে ইসলামীর বিক্ষোভ সমাবেশ

'জুলাই সনদের আইনি ভিত্তি', 'পিআর পদ্ধতিতে সংসদের উভয় কক্ষের নির্বাচন', 'অবাধ, সুষ্ঠু ও গ্রহণযোগ্য নির্বাচনের লক্ষ্যে সকলের জন্য লেভেল প্লেয়িং ফিল্ড নিশ্চিতকরণ', 'ফ্যাসিস্ট সরকারের জুলুম-নির্যাতন, গণহত্যা ও দুর্নীতির বিচার দৃশ্যমান করা', এবং 'স্বৈরাচারের দোসর জাতীয় পার্টিসহ ১৪ দলের কার্যক্রম নিষিদ্ধ' করার ৫ দফা দাবিতে চাঁপাইনবাবগঞ্জে বিক্ষোভ সমাবেশ ও মিছিল করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী। ২৬ সেপ্টেম্বর বিকেলে চাঁপাইনবাবগঞ্জ পৌর পার্কে অনুষ্ঠিত মিছিল পূর্বক বিক্ষোভ সমাবেশে প্রধান অতিথির বক্তব্য রাখেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর, চাঁপাইনবাবগঞ্জ-৩ আসনে জামায়াত মনোনীত সংসদ সদস্য প্রার্থী মো. নূরুল ইসলাম বুলবুল।





২৬ সেপ্টেম্বর ২০২৫




# জামায়াতে ইসলামীর পক্ষ থেকে স্কুল সংস্কার!

বাংলাদেশ জামায়াতে ইসলামী ডেমরা পশ্চিম থানার উদ্যোগে ৭০ নং ওয়ার্ডের দেইল্লা এলাকার একমাত্র স্কুল কাজী আশরাফ উদ্দিন প্রাথমিক বিদ্যালয়ের সংস্কার-পরবর্তী উদ্বোধন অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

থানা আমীর মাওলানা মুহা. দেলোয়ার হোসাইনের সভাপতিত্বে এবং থানা সেক্রেটারি ও ৭০ নং ওয়ার্ডের কাউন্সিলর প্রার্থী ইঞ্জিনিয়ার খন্দকার কামারাম মুনীর ফুয়াদের সঞ্চালনায় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কেন্দ্রীয় মজলিশে শূরা সদস্য, ঢাকা মহানগরী দক্ষিণের সহকারী সেক্রেটারি ও ঢাকা-৫ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী জনাব মোহাম্মদ কামাল হোসেন।

২৭ সেপ্টেম্বর ২০২৫




# ঢাকা-৬ আসনে ওলামা- মাশায়েখ সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ২৭ সেপ্টেম্বর ঢাকা-৬ আসনের সর্বস্তরের ওলামা- মাশায়েখ সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। বাংলাদেশ ওলামা- মাশায়েখ পরিষদ ঢাকা মহানগরী দক্ষিণের সভাপতি অধ্যক্ষ মাওলানা মোশাররফ হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা রফিকুল ইসলাম খান। প্রধান আলোচক ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর সহকারী সেক্রেটারি জেনারেল মাওলানা এ. এইচ. এম আব্দুল হালিম।











# ঢাকা-৮ আসনের বিশিষ্ট আলেমে দ্বীন ও ইমাম-খতিবদের সাথে জামায়াতের মতবিনিময় অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের ঢাকা-৮ আসনের উদ্যোগে ২৭ সেপ্টেম্বর মতিঝিলে একটি মিলনায়তনে রমনা, শাহবাগ, পল্টন, মতিঝিল ও শাহজাহানপুর থানার বিশিষ্ট আলেমে দ্বীন ও স্থানীয় ইমাম-খতিবদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে। মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ ইসলামী বিশ্ববিদ্যালয়ের বোর্ড অফ ট্রাস্টিজ চেয়ারম্যান সাইয়্যেদ কামাল উদ্দিন আব্দুল্লাহ জাফরী।

# প্রকৌশলীদের সাথে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের মতবিনিময় সভা অনুষ্ঠিত




বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ২৮ সেপ্টেম্বর সন্ধ্যায় মহানগরী কার্যালয়ের কনফারেন্স রুমে প্রকৌশলীদের সাথে মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়েছে।
মতবিনিময় সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামী কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ।

ঢাকা মহানগরী দক্ষিণের ইঞ্জিনিয়ার্স ফোরামের সভাপতি ইঞ্জিনিয়ার মিজানুর রহমানের সভাপতিত্বে অনুষ্ঠিত এই মতবিনিময় সভায় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য ও ঢাকা আইনজীবী সমিতির সাবেক সিনিয়র সহ-সভাপতি অ্যাডভোকেট এস এম কামাল উদ্দিন। আরও উপস্থিত ছিলেন ইঞ্জিনিয়ার মুনিরুজ্জামান, ইঞ্জিনিয়ার নজরুল ইসলামসহ প্রকৌশলী নেতৃবৃন্দ ও বিভিন্ন পর্যায়ের জামায়াত নেতৃবৃন্দ।




# ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের থানা ও বিভাগীয় দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী ঢাকা মহানগরী দক্ষিণের উদ্যোগে ২৯ সেপ্টেম্বর রাতে রাজধানীর ডিপ্লোমা ইঞ্জিনিয়ার্স ইনস্টিটিউশন মিলনায়তনে থানা ও বিভাগীয় দায়িত্বশীল সমাবেশ অনুষ্ঠিত হয়েছে। কেন্দ্রীয় নির্বাহী পরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের আমীর জননেতা মো. নূরুল ইসলাম বুলবুলের সভাপতিত্বে অনুষ্ঠিত সমাবেশে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ জামায়াতে ইসলামীর নায়েবে আমীর, সাবেক এমপি অধ্যাপক মুজিবুর রহমান।

কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের সেক্রেটারি ড. শফিকুল ইসলাম মাসুদ-এর পরিচালনায় অনুষ্ঠিত সমাবেশে বক্তব্য রাখেন কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর আব্দুস সবুর ফকির, কেন্দ্রীয় কর্মপরিষদ সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের নায়েবে আমীর অ্যাডভোকেট ড. হেলাল উদ্দিন, কেন্দ্রীয় মজলিসে শূরা সদস্য ও ঢাকা মহানগরী দক্ষিণের কর্মপরিষদ সদস্য মাওলানা ফরিদুল ইসলাম।

# নিউজলেটার

বর্ষ ০২, সংখ্যা ১০ | অক্টোবর ২০২৫

প্রকাশনায়

**বাংলাদেশ জামায়াতে ইসলামী**

**ঢাকা মহানগরী দক্ষিণ**

Web: www.jamaatdhakacitysouth.org
Email: info@jamaatdhakacitysouth.org
Phone: +8802226639277